দৈনিক সংবাদ

তারিখ 21 DEC 1994
পৃষ্ঠা ১ কলাম ১

55

## চার বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

# পাসের হার ঢাকা ৪২.৭৫ কুমিল্লা ৪১.৯৭ রাজশাহী ৪০.১৩ যশোর ৩৪.৬৫

।।নিজস্ব বার্তা পরিবেশক।। গতকাল মঙ্গলবার ঢাকা, কুমিল্লা, রাজশাহী ও যশোর বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৪ সালের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পাসের হার ঢাকা বোর্ডে শতকরা ৪২ দশমিক ৭৫, কুমিল্লা বোর্ডে ৪১ দশমিক ৯৭, রাজশাহী বোর্ডে ৪০ দশমিক ১৩ এবং যশোর বোর্ডে ৩৪ দশমিক ৬৫।

ঢাকা বোর্ডের অধীনে এবছর সর্বমোট ১ লাখ ৩৮ হাজার ৩শ’ ১২ জন পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে ১৬ হাজার ১শ’ ৯৩ জন প্রথম বিভাগে; ৩৪ হাজার ৭শ’ ৩৭ জন দ্বিতীয় বিভাগে এবং ৮ হাজার ২শ’ ৫ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। বিজ্ঞান, কৃষিবিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে ২৯ হাজার ৯শ’ ৭৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৯ হাজার ৪১ জন প্রথম বিভাগে, ৮ হাজার ৪শ’ ৪৫ জন দ্বিতীয় বিভাগে এবং ৪শ’ ২৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। মানবিক ও সঙ্গীত শাখা থেকে ৮২ হাজার ৬শ’ ৭১ জন পরীক্ষার্থীর মধ্যে ৪ হাজার ২শ’ ১৩ জন প্রথম বিভাগে, ১৮ হাজার ৭শ’ ১৭ জন দ্বিতীয় বিভাগে এবং ৬ হাজার ২শ’ ৫৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়।

বাণিজ্য শাখায় মোট ২৫ হাজার ৬শ’ ৬৮ জন পরীক্ষার্থীর মধ্যে ২ হাজার ৯শ’ ৩৯ জন প্রথম বিভাগে, ৭ হাজার ৫শ’ ৭৫ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ৫শ’ ২২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। কুমিল্লা বোর্ডে তিনটি শাখায় মোট ৮৯ হাজার ৩শ’ ৩৫ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান শাখায় ১৬ হাজার ৮শ’ ৮২ জন পরীক্ষার্থীর মধ্যে ২ হাজার ৮শ’ ৯৫ জন প্রথম বিভাগে, ৫ হাজার ৭শ’ জন দ্বিতীয় বিভাগে এবং ৬শ’ ৯২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। মানবিক শাখায় ৫৬ হাজার ৩শ’ ২৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৫শ’ ৭৭ জন প্রথম বিভাগে, ১৩ হাজার ৩শ’ ৭৮ জন দ্বিতীয় বিভাগে এবং ৭ হাজার ১শ’ ৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। বাণিজ্য শাখায় ১৬ হাজার ১শ’ ২৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৪শ’ ২০ জন প্রথম বিভাগে, ৪ হাজার ৮শ’ ৮৪ জন দ্বিতীয় বিভাগে ও ১ হাজার ৮শ’ ৪৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। রাজশাহী বোর্ডের অধীনে তিনটি শাখায় মোট ৯৪ হাজার ৯শ’ ৬৫ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করে। বিজ্ঞান, কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি শাখায় মোট ১৯ হাজার ১শ’ ৯৯ জনের মধ্যে ৩ হাজার ৮ জন প্রথম বিভাগে, ৫ হাজার ৬শ’ ৮৪ জন দ্বিতীয় বিভাগে এবং ৭শ’ ৬৫ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। মানবিক ও সঙ্গীত শাখায় ৬৫ হাজার ১শ’ ৪০ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৫শ’ ৪৪ জন প্রথম বিভাগে, ১৪ হাজার ৮শ’ ৯৯ জন দ্বিতীয় বিভাগে এবং ৭ হাজার ৫শ’ ৯৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। বাণিজ্য শাখায় ১০ হাজার ৬শ’ ২৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৩শ’ ২৪ জন প্রথম বিভাগে, ৩ হাজার ৬৪ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ২শ’ ২১ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। যশোর বোর্ডে তিনটি শাখায় মোট ৭৫ হাজার ৯শ’ ২৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। বিজ্ঞান, কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি শাখায় মোট ৯ হাজার ৫শ’ ৪৮ জনের মধ্যে ২ হাজার ৯০ জন প্রথম বিভাগে, ২ হাজার ৫শ’ ৭৭ জন দ্বিতীয় বিভাগে এবং ২শ’ ৪৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। মানবিক শাখায় ৫৭ হাজার ২শ’ ৭০ জন পরীক্ষার্থীর মধ্যে ২ হাজার ৯শ’ ৮৩ জন প্রথম বিভাগে, ১২ হাজার ২শ’ ১৮ জন দ্বিতীয় বিভাগে এবং ২ হাজার ৮শ’ ৪০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। বাণিজ্য শাখায় ৯ হাজার ১শ’ ১০ জন পরীক্ষার্থীর মধ্যে ৪শ’ ৩৭ জন প্রথম বিভাগে ২ হাজার ২শ’ ২১ জন দ্বিতীয় বিভাগে এবং ৬শ’ ৯২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।